

# সেই শিক্ষকদের তাবি ক্যাম্পাসে আসতে নিষেধ করলেন ডাকসু নেতা

অনলাইন ডেঙ্ক



ফাইল ছবি

মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডপ্রাপ্ত শেখ  
হাসিনার পক্ষে বিবৃতি দেওয়া শিক্ষক ও  
কর্মকর্তাদের মঙ্গলবার থেকে ঢাকা  
বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আসতে নিষেধ  
করেছেন ডাকসুর আন্তর্জাতিক সম্পাদক খান  
জসিম।

সোমবার রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক  
আইডিতে দেওয়া এক পোস্টে ডাকসুর এ নেতা  
বলেন, ‘রেজিস্ট্রার বিল্ডিংয়ের ডেপুটি  
রেজিস্ট্রার আর ১০০১ জনের যে যে ঢাকা  
বিশ্ববিদ্যালয়ে আছো, নিজের ভালো চাইলে

আগামীকাল থেকে আর ক্যাম্পাসে আইসো না।

পাইলেই ধপাধপ হবে বলে দিলাম।'

প্রসঙ্গত, শেখ হাসিনার দণ্ডাদেশের নিন্দা  
জানিয়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১০০১ জন  
শিক্ষক বিবৃতি দিয়েছেন দাবি করে শিক্ষকদের  
একটি তালিকা সামাজিক ঘোষণাগ মাধ্যমে  
প্রচার করা হয়েছে।

ওই তালিকায় থাকা ব্যক্তিরা কে কোন  
বিশ্ববিদ্যালয়ের শিক্ষক তা উল্লেখ নেই।

বিবৃতিটি সামাজিক মাধ্যমে প্রচার হলে এ নিয়ে  
তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। ইতিমধ্যে ওই  
তালিকায় থাকা শিক্ষকদের ক্লাস বর্জনের ডাক  
দিয়ে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার  
দাবি জানিয়েছে এনসিপি, ছাত্রশিবির,  
ছাত্রশক্তিসহ বিভিন্ন সংগঠনের নেতারা।

